দৈনিক আমাদের সময়

তারিখ : 10 OCT 2017
পৃষ্ঠা ৩ কলাম ৫

# নজরুল বিশ্ববিদ্যালয়ের উন্নয়নে ৪৫০ কোটি টাকার প্রকল্প

এম এইচ রবিন ●

জাতীয় অর্থনৈতিক পরিষদের (একনেক) সভায় উঠছে জাতীয় কবি নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয়ের উন্নয়নে ৪৫০ কোটি টাকার প্রকল্প প্রস্তাব। সংশ্লিষ্টরা জানিয়েছেন, বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থী, শিক্ষক, কর্মকর্তাদের আবাসিক ভবন নির্মাণসহ ক্যাম্পাস আধুনিকীকরণে এ প্রকল্প নেওয়া হয় ময়মনসিংহের ত্রিশালে অবস্থিত জাতীয় কবি নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয়ের জন্য। প্রকল্পটি আগামী বছরের জানুয়ারিতে শুরু হয়ে ২০২৩ সালের জুনের মধ্যে বাস্তবায়িত করার কথা উল্লেখ রয়েছে প্রস্তাবনায়।

প্রকল্পের মধ্যে আছে– পাঁচ একর ভূমি অধিগ্রহণ, ১০ তলা ও পাঁচ তলা দুটি প্রশাসনিক ভবন, ১০ তলা একাডেমিক ভবন, ১৭শ ছাত্রছাত্রীর জন্য ১০ তলাবিশিষ্ট দুটি আলাদা হল, কর্মকর্তা-কর্মচারীদের জন্য আবাসিক ভবন, ১২০ শিক্ষক কর্মকর্তার জন্য ১০ তলা ইউটিলিটি ভবন, ১৫শ আসনবিশিষ্ট মাল্টিপারপাস হল কাম টিএসসি কাম জিমনেসিয়াম, তিন তলাবিশিষ্ট মসজিদ নির্মাণ, খেলার মাঠ উন্নয়ন, সমগ্র ক্যাম্পাসে অভ্যন্তরীণ আরসিসি রাস্তাসহ অন্যান্য ভৌত অবকাঠামো। এ ছাড়া ল্যাবের যন্ত্রপাতি, যানবাহন ও আসবাবপত্রও থাকছে এই উন্নয়ন বাজেটে।

বিশ্ববিদ্যালয় রেজিস্ট্রার ও প্রকৌশল অফিসের কর্মকর্তারা বলছেন, এই মেগা প্রকল্প বাস্তবায়িত হলে বিশ্ববিদ্যালয়ের চিত্র পাল্টে যাবে।

এ বিষয়ে বিশ্ববিদ্যালয়ের ভারপ্রাপ্ত ভিসি এএমএম শামসুর রহমান বলেন, এটি পুরো ময়মনসিংহবাসীর দাবি। এ প্রকল্প বাস্তবায়নের অপেক্ষায় সব শিক্ষক-শিক্ষার্থী। সূত্রে জানা যায়, প্রকল্পটি ছিল ৪৮০ কোটি টাকার। প্রি-একনেক সভায় এটি এখন ৪৫০ কোটি টাকা করা হয়েছে। প্রকল্পের উদ্দেশ্য সম্পর্কে বলা হয়েছে, উচ্চশিক্ষা পর্যায়ে শিক্ষার্থী বৃদ্ধির এরপর পৃষ্ঠা ৯ কলাম ৫

## নজরুল বিশ্ববিদ্যালয়ের

(৩ এর পৃষ্ঠার পর) চাহিদা মেটানোর জন্য ময়মনসিংহ জেলায় জাতীয় কবি নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠা হয়। এই বিশ্ববিদ্যালয় আঞ্চলিক ভারসাম্য রক্ষার্থে বিশ্ববিদ্যালয়টি গুরুত্বপূর্ণ অবদান রাখতে পারে। শহরের ওপর জনসংখ্যার চাপ কমাতে ময়মনসিংহ শহরে থেকে প্রায় ২২ কিলোমিটার দূরে ত্রিশালে বিশ্ববিদ্যালয়টি স্থাপন করা হয় ২০০৬ সালে। বর্তমানে ১৯ বিভাগ, একটি ইনস্টিটিউট চালু থাকলেও ভবিষ্যতে এখানে ৪২ বিভাগ ও পাঁচ ইনস্টিটিউট খোলার প্রক্রিয়াধীন। ফলে বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থী সংখ্যা অনেক বৃদ্ধি পাবে।